

Total number of printed pages-4

63 (FY)SEM-2/AEC2/BENAEC1022

2025

BENGALI

(AEC)

Paper : BENAEC1022

(Applied Bengali-2)

Full Marks : 50

Pass Marks : 20

Time : Two hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো :

১×৫=৫

(ক) বানানবিধি অনুসারে নিচের কোন্ বানানটি শুদ্ধ?

(i) অগুচ্ছেদ

(ii) অনুচ্ছেদ

(iii) অনুচ্ছেদ

(iv) অনুছেদ

(খ) “সুন্দরবনে পায়ে পায়ে বাঘের ভয়” কোন কারক?

- (i) অধিকরণ কারক
- (ii) কর্ম কারক
- (iii) করণ কারক
- (iv) অপাদান কারক

(গ) কর্ম কারককে কয়ভাগে ভাগ করা যায়?

- (i) দুই
- (ii) তিন
- (iii) চার
- (iv) পাঁচ

(ঘ) “কোনও জীবই অমর নয়।” এটি কোন্ শ্রেণীর বাক্য?

- (i) প্রশ্নসূচক
- (ii) অনুজ্ঞাসূচক
- (iii) নির্দেশাত্মক
- (iv) নন্ত্যর্থক

(ঙ) অর্থের প্রকৃতি অনুসারে বাক্যকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?

- (i) তিনটি
- (ii) চারটি
- (iii) পাঁচটি
- (iv) ছয়টি

২। সংক্ষিপ্ত উত্তর দাও : (যে কোনো পাঁচটি) $২ \times ৫ = ১০$

(ক) জটিল বাক্য কি? যেকোনো দুটি উদাহরণ দাও।

(খ) কারণসহ অশুদ্ধি সংশোধন করো :

গৃহিনী, ঋসভ

(গ) নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো :

(i) সকলেই জন্মভূমিকে ভালোবাসে। (প্রশ্নসূচক বাক্য)

(ii) পরোপকারী কখনও প্রতিদান প্রত্যাশা করে না।
(জটিল বাক্য)

(ঘ) বর্ণনাত্মক বা নির্দেশসূচক বাক্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

(ঙ) সম্প্রদান কারক কাকে বলে? উদাহরণ দাও।

(চ) বাণিজ্যিক পত্র বলতে কি বোঝ?

(ছ) ষ-ত্ব বিধান বলতে কি বোঝ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (যেকোনো পাঁচটি)
 $৫ \times ৫ = ২৫$

(ক) দৃষ্টান্তসহ সংজ্ঞা দাও - সরল বাক্য ও জটিল বাক্য

(খ) ষ-ত্ব বিধানের পাঁচটি সূত্র উল্লেখ করো।

- (গ) দৃষ্টান্তসহ পার্থক্য নির্ণয় করো :
প্রশ্নসূচক বাক্য ও অনুজ্ঞাসূচক বাক্য
- (ঘ) গ-ত্ব বিধান কাকে বলে? উদাহরণসহ আলোচনা করো।
- (ঙ) পারিবারিক বা ব্যক্তিগত পত্রে সাধারণত কয়টি অংশ থাকে? সেগুলি কি কি লেখো।
- (চ) তৎসম শব্দের বাংলা বানানবিধির পাঁচটি নিয়ম উল্লেখ করো।
- (ছ) উদ্দেশ্য ও বিধেয় বলতে কি বোঝ? উদাহরণসহ আলোচনা করো।

৪। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞাপনের প্রেক্ষিতে চাকরীর জন্য দরখাস্ত লেখো।
- (খ) তোমার দাদার বিবাহ উপলক্ষে সাতদিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের কাছে একটি দরখাস্ত লেখো।
